

প্রিয় পরিবার,

আপনার 2018 সালে জন্মগ্রহণকারী কোনও সন্তান আছে কি? **18 মার্চ, 2022**-এর মধ্যে প্রি-K ক্লাসে আবেদন করতে ভুলবেন না! আপনি অনলাইনে MySchools.nyc -এ, ফোনে **718-935-2009** নম্বরে, অথবা একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) মাধ্যমে আবেদন করতে পারেন।

আপনি জানেন কি, যে NYC-র প্রি-K প্রোগ্রামগুলো **তিনটি ভিন্ন প্রোগ্রাম বিন্যাস বা সেটিংয়ে** অফার করা হয়? সবগুলো বিন্যাস বা সেটিং আমাদের সিটির চার বছর বয়সী ছেলেমেয়েদের পূর্ণদিবসের, উচ্চ-মানসম্পন্ন প্রি-K পাঠ্যক্রম অফার করে। আপনি সবগুলো বিন্যাস বা সেটিং-এর প্রোগ্রামে আবেদন করতে পারেন:

- **নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টারসমূহ (NYCEECs)**। আর্লি চাইল্ডহুড অভিজ্ঞতাসহ এই কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলো প্রি-K অফার করার জন্য ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (DOE) সাথে অংশীদারিত্ব করে।
- **ডিস্ট্রিক্ট স্কুলসমূহ**। কিছু DOE পাবলিক এলিমেন্টারি স্কুল প্রি-K অফার করে।
- **প্রি-K সেন্টারসমূহ**। এগুলো হচ্ছে DOE-এর আর্লি চাইল্ডহুড সেন্টারসমূহ যেগুলো শুধুমাত্র কিন্ডারগার্টেন পূর্ববর্তী গ্রেডসমূহ অফার করে।

একটি প্রি-K প্রোগ্রাম সর্বোচ্চ **তিন ধরনের প্রি-K আসন** অফার করতে পারে:

- **পূর্ণ দিবসের আসনসমূহ** বিনামূল্যে প্রদত্ত এবং স্কুল বছরব্যাপী, সাধারণত সেপ্টেম্বর থেকে জুন পর্যন্ত, প্রতিদিন 6 ঘণ্টা এবং 6 ঘণ্টা 20 মিনিট আর্লি কেয়ার তথা শৈশবকালীন সেবা ও শিক্ষা প্রদান করে। 2018 সালে জন্মগ্রহণকারী NYC-র সকল ছেলেমেয়ে এসব আসনের জন্য যোগ্য।
- **দীর্ঘায়িত দিবস এবং বছরের আসনসমূহ** বিনামূল্যের কিংবা স্বল্পমূল্যের এবং পুরো বছর জুড়ে প্রতিদিন 10 ঘণ্টা পর্যন্ত আর্লি কেয়ার তথা শৈশবকালীন সেবা ও শিক্ষা প্রদান করে। এই আসনসমূহের জন্য পরিবারের আয় এবং চাহিদার ভিত্তিতে যোগ্যতা নির্ধারিত হয়। আপনি যদি দীর্ঘায়িত দিবস এবং বছরের আসনে কোনও অফার পান, তবে আপনাকে একটি চাইল্ড কেয়ার আবেদনপত্র পূরণ করে আপনার সন্তানের যোগ্যতা নিশ্চিত করতে হবে।
- **হেড স্টার্ট আসনসমূহ** বিনামূল্যের এবং পুরো বছর জুড়ে প্রতিদিন 10 ঘণ্টা পর্যন্ত আর্লি কেয়ার তথা শৈশবকালীন সেবা ও শিক্ষা প্রদান করে। পরিবারের আয় এবং চাহিদার ভিত্তিতে হেড স্টার্ট-এ যোগ্যতা নির্ধারিত হয়। আপনি একটি হেড স্টার্ট আসনের অফার পেয়ে থাকলে প্রোগ্রামে আপনার সন্তানের অংশগ্রহণের যোগ্যতা নিশ্চিত করতে সরাসরি আপনার সাথে কাজ করবে।

আরো জানতে nyc.gov/PreK -দেখুন।

আপনার [মাইস্কুলস](#) অ্যাকাউন্টে, অনুসন্ধানযোগ্য ডিরেক্টরি ব্যবহার করে দ্বিভাষী (ডুয়াল ল্যাঙ্গুয়েজ) প্রোগ্রাম সহ, বিন্যাস বা সেটিং, আসনের ধরন, এবং অন্যান্য বৈশিষ্ট্য অনুযায়ী আপনি বিভিন্ন প্রোগ্রাম খুঁজে নিতে পারেন! পছন্দের প্রোগ্রামগুলো সেভ করতে, আপনার আবেদনপত্রে যোগ করতে, এবং আবেদন করতে লগ ইন করুন। প্রশ্ন আছে বা সহায়তা প্রয়োজন?

- আমাদের ESEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।
- আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন।
- একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) সাথে যোগাযোগ বা সাক্ষাৎ করুন।

শুভেচ্ছান্তে,

প্রি-K অ্যাডমিশনস টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে আমাদের প্রি-K-তে ভর্তি হতে আগ্রহীদের মেইলিং লিস্ট (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। আপনি যদি আমাদের যেকোনো অথবা সকল মেইলিং লিস্ট থেকে কোনো ইমেইল পেতে না চান, তবে অনুগ্রহ করে আনসাবসক্রাইব করতে [এখানে](#) ক্লিক করুন।